গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মুরারিচাঁদ কলেজ, সিলেট
website : www.mccollege.edu.bd
email : m.c.college_sylhet@live.com

তারিখ: ১৮.০৪.২০২২ খ্রি.

## ২০২০ সালের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষার ফরম পূরণ বিজ্ঞপ্তি:

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২০ সালের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষার নিয়মিত/প্রাইভেট/সার্টিফিকেট কোর্সে মুরারিচাঁদ কলেজ, সিলেট এর ছাত্র-ছাত্রীদেরকে নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী অনলাইনে আবেদন করে আবেদনকৃত ফরম জমাদানের নির্দেশ দেয়া যাচ্ছে।

**ডিগ্রী পাস কোর্সের পরীক্ষা বিষয়ক ওয়েবসাইট (www.nubd.info/degree-pass)**

**শিক্ষার্থী কর্তৃক অনলাইনে ফরম পূরণের আবেদন করার সময়সীমা: ০৭.০৪.২০২২ হতে ১৭.০৫.২০২২**
**অনলাইনে ফরম ডাউনলোড করে কমিটির নিকট জমাদান: ১৪.০৫.২০২২ থেকে ১৭.০৫.২০২২ তারিখ প্রতিদিন সকাল ১১ ঘটিকা হতে দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত**

**জমাদানের স্থান: তথ্য ও অনুসন্ধান কেন্দ্র, মুরারিচাঁদ কলেজ, সিলেট**

### পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী:

**ক) ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (নিয়মিত) (৭০০ নম্বর)ঃ**

i) ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী এবং ২০১৮ সালের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী ২০১৯ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষের পরীক্ষায় অংশ গ্রহণ করে **Promoted** (উত্তীর্ণ) হয়েছে সে সকল শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।

ii) উপরোক্ত শিক্ষার্থীদেরকে ৩য় বর্ষে " ইংরেজি" আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৫ম ও ৬ষ্ট পত্রের পরীক্ষায় অংশগ্রহন করতে হবে।

iii) এ সকল শিক্ষার্থীদেরকে ব্যবহারিক সম্বলিত বিষয়ের ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

**খ ) ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (অনিয়মিত) ঃ**

(i) ২০১৪-২০১৫, ২০১৫-২০১৬ ও ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৫, ২০১৬ ও ২০১৭ সালের প্রাইভেট রেজিষ্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী ২০১৭ ,২০১৮ ও ২০১৯ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে **Promoted** (উত্তীর্ণ) হয়েছে কিন্তু ২০১৭, ২০১৮ ও ২০১৯ সালের ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি সে সকল শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(ii) উপরোক্ত শিক্ষার্থীদেরকে ৩য় বর্ষে " ইংরেজি" আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৫ম ও ৬ষ্ট পত্রের পরীক্ষায় অংশগ্রহন করতে হবে।

(iii) ২০১৪-২০১৫, ২০১৫-২০১৬ ও ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৫, ২০১৬ ও ২০১৭ সালের প্রাইভেট রেজিষ্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী ২০১৬, ২০১৭ ও ২০১৮ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে কোন কোর্সে বা পত্রে **F** গ্রেড পেয়েছে তারা **F** গ্রেড প্রাপ্ত কোর্সে/পত্রের পরীক্ষায় পরীক্ষায় অংশগ্রহণ করবে।

(vi) ২০১৬-১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ও ২০১৭ সালের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থী যারা ২০১৯ সালের ৩য় বর্ষের চূড়ান্ত ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তারা শেষ বারের মত ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। উল্লেখ্য ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হতে ব্যর্থ হলে একজন শিক্ষার্থী শুধুমাত্র একবার পরবর্তী শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের সাথে উক্ত ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। ব্যবহারিক পরীক্ষায় ন্যূনতম **D** গ্রেড পেতে হবে। ব্যবহারিক পরীক্ষায় মানোন্নয়নের সুযোগ নেই।

**ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (মানোন্নয়ন):**

২০১৯ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের চূড়ান্ত পরীক্ষার ফলাফল প্রকাশের পর CGPA 2.25 বা এর কম প্রাপ্ত শিক্ষার্থীরা পূর্বে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করে নাই ৩য় বর্ষের এমন সর্বোচ্চ ২টি কোর্সে মানোন্নয়ন (**C**এবং **D** গ্রেড প্রাপ্ত) পরীক্ষা দিতে পারবে। তবে ব্যবহারিক পরীক্ষায় মানোন্নয়নের সুযোগ নাই।

**গ) সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (২০০ নম্বর) ঃ**

i) ২০১৫, ২০১৬, ২০১৭ ও ২০১৮ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থীরা সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের নির্ধারিত ৫ম ও ৬ষ্ট পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

**ii) এ সকল শিক্ষার্থীরা ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।**

**রেগুলেশন ঃ**

২০২০ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা জাতীয় বিশ্ববিদ্যালয়ের **২০১৩-২০১৪** রেগুলেশন অনুযায়ী এ পরীক্ষা অনুষ্ঠিত হবে। পূর্ণাঙ্গ রেগুলেশন বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.nu.ac.bd/home এ গিয়ে academics মেন্যুর syllabus option এ দেওয়া আছে।

**সিলেবাস (নিম্নে বর্ণিত সিলেবাস অনুযায়ী প্রশ্নপত্র প্রণয়ন করা হবে)ঃ**

২০২০ সালের ডিগ্রী পাস কোর্স ৩য় বর্ষ পরীক্ষার সকল শিক্ষার্থীকে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের প্রণীত সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

**ফলাফল:**

১। পরীক্ষার ফলাফল গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হবে।

## আবেদন ফরম পূরণের নিয়মাবলী

১. আবেদন কারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **(www.nubd.info/degree-pass)** এ গিয়ে Apply to online form Fillup (For Student) এ লিংকে ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। উক্ত প্রিন্টকৃত ফরমে পরীক্ষার্থীর বিষয় কোড এবং ফি (জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ) উল্লেখ থাকবে।

২. উক্ত প্রিন্ট কপি নিয়ে নিয়মিত/ প্রাইভেট ও সার্টিফিকেট কোর্স পরীক্ষার্থীরা অনলাইনে ডাউনলোডকৃত ফরমের উল্লেখিত টাকা ও জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত কলেজের প্রদত্ত ফি **"রকেট"** এর মাধ্যমে জমা দিতে হবে।

৩. ফি জমার **রকেট এর ট্রাকজেকশন আইডি নম্বর** ও **টাকার পরিমাণ** প্রিন্টকৃত ফরমের উপর লিখে তথ্যকেন্দ্রে সংশ্লিষ্ট কমিটির নিকট নির্ধারিত তারিখে জমা দিতে হবে। উল্লেখ্য যে, নিয়মিত/ প্রাইভেট এবং সার্টিফিকেটে কোর্স সকল পরীক্ষার্থীকে **"রকেট"** এর মাধ্যমে অবশ্যই টাকা জমা দিতে হবে।

৪. আবেদনপত্রের সাথে সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি নির্দিষ্ট স্থানে গাম দ্বারা সংযুক্ত করে দিতে হবে।

৫. অনলাইন আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের স্পষ্ট ফটোকপি জমা দিতে হবে।

৬. "রকেট" এর মাধ্যমে আগামী ১৯.০৪.২০২২ তারিখ থেকে টাকা জমা দেয়া যাবে।

রকেট: Biller ID: 4063

অধ্যক্ষ ১৮/০৪/২০২২
মুরারিচাঁদ কলেজ, সিলেট
১৮/৪/২২

## ২০২০ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষার নিয়মিত/অনিয়মিত/প্রাইভেট ও সার্টিফিকেট কোর্স পরীক্ষার্থীদের (জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত) প্রদেয় ফি ঃ

| ৩য় বর্ষ | জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ | কেন্দ্র ফি | ব্যবস্থাপনা ফি | ইনকোর্স ফি | ব্যবহারিক: ফি | সেশন ফি | | মোট প্রদেয় ফি | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | মুসলিম | অন্যান্য ধর্ম | মুসলিম | অন্যান্য ধর্ম |
| ৩য় বর্ষ বিএ/বিএসএস নিয়মিত/অনিয়মিত (৭০০ নম্বর) | অনলাইনে পূরণকৃত ফরমে উল্লেখিত টাকার পরিমাণ (১৪০০/-) | ৪৫০/- | ৫০/- | ২০০/- | - | ২২৪০/- | ২২৪৫/- | ৪৩৪০/- | ৪৩৪৫/- |
| ৩য় বর্ষ বিএসসি নিয়মিত/অনিয়মিত (৭০০ নম্বর) | অনলাইনে পূরণকৃত ফরমে উল্লেখিত টাকার পরিমাণ (১৮৫০/-) | ৪৫০/- | ৫০/- | ২০০/- | ৩০০/- | ২৩৪০/- | ২৩৪৫/- | ৫১৯০/- | ৫১৯৫/- |
| ৩য় বর্ষ বিএ/বিএসএস অকৃতকার্য | অনলাইনে পূরণকৃত ফরমে উল্লেখিত টাকার পরিমাণ (১৪০০/-) | ৪৫০/- | ৫০/- | ২০০/- | - | - | - | ২১০০/- | ২১০০/- |
| ৩য় বর্ষ বিএসসি অকৃতকার্য | অনলাইনে পূরণকৃত ফরমে উল্লেখিত টাকার পরিমাণ (১৮৫০/-) | ৪৫০/- | ৫০/- | ২০০/- | ৩০০/- | - | - | ২৮৫০/- | ২৮৫০-/ |
| বিএ/বিএসএস/বিবিএস ও প্রাইভেট | অনলাইনে পূরণকৃত ফরমে উল্লেখিত টাকার পরিমণ (১৪০০/-) | ৪৫০/- | ৫০/- | ২০০/- | | ২১০০/- | | | |
| সার্টিফিকেট কোর্স | অনলাইনে পূরণকৃত ফরমে উল্লেখিত টাকার পরিমণ (৬০০/-) | ৪৫০/- | ৫০/- | ২০০/- | | ১৩০০/- | | | |
| এক বা একাধিক পত্রের অকৃতকার্য/গ্রেড উন্নয়ন | ৩০০+১ পত্র (১০০) = ৪০০/- | ৪৫০/- | ৫০/- | | | ৯০০/- | | | |
| | ৩০০+২ পত্র (২০০) = ৫০০/- | ৪৫০/- | ৫০/- | | | ১০০০/- | | | |
| | ৩০০+৩ পত্র (৩০০) = ৬০০/- | ৪৫০/- | ৫০/- | | | ১১০০/- | | | |
| | ৩০০+৪ পত্র (৪০০) = ৭০০/- | ৪৫০/- | ৫০/- | | | ১২০০/- | | | |

বি.দ্র: ১। ২০১৯ সালের ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি এমন শিক্ষার্থীরা পুন:ভর্তি সাপেক্ষে ২০২০ সালের ৩য় বর্ষ পরীক্ষার ফরম পূরণ করতে পারবে।

অধ্যক্ষ ২৮/০৪/২০২২

মুরারিচাঁদ কলেজ, সিলেট